কোটচাঁদপুরে কৃষকদের মাঝে বিনামূল্যে কৃষি উপকরণ বিতরণ

ফসলের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে কোটচাঁদপুরে কৃষকদের মাঝে বিনামূল্যে কৃষি উপকরণ বিতরণ করেছেন স্থানীয় কৃষি অফিস। আজ সোমবার সকালে স্থানীয় কৃষি অফিসের সামনে থেকে এ সব উপকরণ দেয়া হয়।

সংশ্লিষ্ট সুত্রে জানা যায়,ফসলের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে কোটচাঁদপুরে কৃষকদের মাঝে বিনামূল্যে কৃষি উপকরণ বিতরণ করেন স্থানীয় কৃষি অফিস। যার মাসকলাই ও গ্রীষ্মকালীন পেঁয়াজের বীজ।

২০২৪-২৫ অর্থবছরে খরিপ-২ মৌসুমে প্রণোদনা কর্মসূচির আওতায় ফসলের আবাদ ও উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে কৃষকদের মাঝে এ সব তুলে দেয়া হয়।

এ সময় উপস্থিত ছিলেন, কোটচাঁদপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা উছেন মে, কৃষি কর্মকর্তা রাজিবুল হাসান, মৎস্য কর্মকর্তা সঞ্জয় কুমার,কৃষি সম্প্রসারণ কর্মকর্তা মোঃ টিপু সুলতান।

এ ছাড়া উপস্থিত ছিলেন, উপকারভোগী কৃষক ও উপজেলার বিভিন্ন দপ্তরের কর্মকর্তা কর্মচারীরা।

গাংনীতে পিএসকেএসের উদ্দ্যোগে কৃষি উপকরণ বিতরণ

মেহেরপুরের গাংনীতে পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি পিএসকেএসের উদ্দ্যোগে নিবিড় পদ্ধতি মাচায় খাসি মোটাতাজা করণ প্রদর্শনীর উপকরণ বিতরণ অনুষ্টান অনুষ্ঠিত হয়েছে।

আজ মঙ্গলবার (২৮ নভেম্বর) পিএসকেএস সমন্বিত কৃষি ইউনিট ভুক্ত প্রাণিসম্পদ খাতের আওতায় ৮ জন উপকারভোগীর মাঝে এ উপকরণ বিতরণ

করা হয়।

এ সময় ৬৮ কেজি পিলেট খাবার,৫০ পিচ ঘাসের কাটিং, মাচা তৈরি বাবদ নগদ ১৮০০ টাকা, ভিটামিন মিনারেল সাপ্লিমেন্ট সহ সাইনবোর্ড ও রেজিষ্টার খাতাও বিতরণ করা হয়।

এ সময় উপকারভোগীদেরকে প্রদর্শনীর লক্ষ্য ও উদ্দেশ্যসহ কিভাবে এর রক্ষণাবেক্ষন করতে হবে সে সম্পর্কে দিক নির্দেশনা প্রদান করা হয়।

উপকরণ বিতরণের সময় উপস্থিত ছিলেন পিএসকেএস এর সমন্বিত কৃষি ইউনিট ভুক্ত প্রাণিসম্পদ ইউনিটের কর্মকর্তাগন ও সংস্থার অন্যান্য সদস্যবৃন্দ।

উক্ত কার্যক্রমে আর্থিকভাবে সহায়তা করে পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)।

দামুড়হুদায় কৃষকদের মাঝে কৃষি উপকরণ বিতরণ

দামুড়হুদায় কৃষকদের মাঝে বিনামূল্যে আউশ ধানের বীজ, সার ও পাট বীজ বিতরণ করা হয়েছে। ২০২২-২৩ মৌসুমে উপজেলায় পাট ও আউশ ধানের উৎপাদন বৃদ্ধির লক্ষে ২০২৩-২৪ মরসুমের খরিপ আউশ প্রনদনার আওতায় অস্বচ্ছল কৃষকদের মাঝে এসব কৃষি উপকরণ বিতরণের শুভ উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা ০২ আসনের সংসদ সদস্য হাজী আলী আজগার টগর।

গতকাল সোমবার সকাল ১০টার সময় দামুড়হুদা উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের আয়োজনে উপজেলা চত্বরে কৃষকদের মাঝে বিনামূল্যে কৃষি উপকরণ বিতরণের শুভ উদ্বোধন করেন।

এসময় তিনি প্রধান অতিথির বক্তব্যে বলেন, ভীষন- ২০৪১ স্মার্ট বাংলাদেশ বিনির্মাণের লক্ষ্যে কৃষকদের মাঝে নিরবিচ্ছিন্ন ভাবে কৃষি উপকরণ ও প্রণোদনা বিতরণ প্রদান অব্যাহত রয়েছে। বাংলাদেশের কৃষি উন্নয়নে বিপ্লব ঘটেছে। তারই ধারাবাহিকতায় দামুড়হুদা উপজেলা

এখন কৃষিতে মডেল। আমাদের দেশ কৃষি প্রধান দেশ। কৃষির উন্নয়ন হলে দেশের উন্নয়ন হবে, সাধারণ মানুষের উন্নয়ন হবে। এসব কথা ভেবেই মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা বিনামূল্যে কৃষি উপকরণ সহ বীজ সার বিতরণ করছেন। একদম ফ্রীতে এসব দেওয়া হচ্ছে। শুধু মাত্র একটাই লক্ষ কৃষির যেন উন্নয়ন হয়, কৃষকের যেন উন্নয়ন হয়। তিনি আরও বলেন বর্তমান সরকার কৃষি বান্ধব সরকার। কৃষি ও কৃষকের উন্নয়নে বর্তমান সরকার নিরলস ভাবে কাজ করে যাচ্ছেন। কৃষি এ দেশের অর্থনীতির এক অতি গুরুত্বপূর্ণ খাত। বর্তমানে দেশে জিডিপির প্রায় অনেকাআংশ অর্জিত হয় কৃষি খাত থেকে। তার চেয়েও বড় কথা কৃষি এ দেশের জনমানুষের খাদ্য ও পুষ্টি নিরাপত্তা প্রদানের প্রধানতম এবং অন্যতম উৎস।

এখনও এ দেশের বিপুল জনসংখ্যার কর্মসংস্থানও হয়ে থাকে কৃষিকে অবলম্বন করেই। ফলে ক্রমবর্ধমান জনসংখ্যার জন্য খাদ্য সরবরাহ নিশ্চিতকরণ, জীবনযাত্রার মানোন্নয়ন এবং কর্মসংস্থান সৃষ্টি করতে হলে কৃষিক্ষেত্রে যে অধিকতর মনোযোগ দিতে হবে।

শুরুতেই ২০০৯ সনে নির্বাচিত হয়ে সরকার সেটি অনুধাবন করতে সক্ষম হয়। গত প্রায় এক যুগের বেশি সময় ধরে কৃষিক্ষেত্রে বিভিন্ন খাতে যে অভূতপূর্ব সাফল্য অর্জিত হয়েছে তা বর্তমান সরকারের কৃষি ভাবনার এক বাস্তব প্রতিফলন। ১৯৭৪ সালের বাসন্তীর কাহিনী তুলে ধরে এমপি আলী আজগার টগর বলেন, বর্তমানে আবারো ষড়যন্ত্র শুরু হয়েছে। ছোট্ট একটা শিশুকে ১০টি টাকা দিয়ে প্রথম আলো ঘটনাটি ঘটিয়েছে।

চুয়াডাঙ্গা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপপরিচালক বিভাস চন্দ্র সাহা’র সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলি মুনছুর বাবু, উপজেলা নির্বাহী অফিসার ইউএনও রোকসানা মিতা।

এসময় আরও উপস্থিত ছিলেন, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান শহিদুল ইসলাম, মহিলা ভাইস চেয়ারম্যান শাহিদা খাতুন, উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক হাজী শহিদুল ইসলাম, সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী, কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আঃ করিম বিশ্বাস, নতিপোতা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ইয়ামিন আলী, কুড়ালগাছি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কামাল উদ্দীন, সদর ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক শফিউল কবীর ইউসুফ, উপজেলা শ্রমিকলীগের সভাপতি হাজি আব্দুল কাদির, উপজেলা আওয়ামী লীগের অন্যতম নেতা সেলিম উদ্দিন বগা, উপজেলা ছাত্র লীগের সাধারণ

সম্পাদক সাজু আহাম্মেদ রিংকু প্রমূখ।

আলোচনা শেষে উপজেলার ৩ হাজার ৮০০ জন কৃষককে আউশধানের বীজ, সার ও ৭ হাজার ৬৬০ জন কৃষককে মাথাপিছু এক কেজি করে পাট বীজ বিতরণ করা হয়। এসময় গোবিন্দহুদা সি আইজি পুরুষ (ফসল) সমিতি কে ৩ লক্ষ ৭৮ হাজার টাকা’র চেক প্রদান করা হয়।

অনুষ্ঠানের শুরুতেই পবিত্র কোরআন থেকে তেলওয়াত করেন উপসহকারী কৃষি কর্মকর্তা সোহরাব হোসেন। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন দামুড়হুদা সিআইজি কৃষক সংগঠনের সভাপতি সামসুল ইসলাম প্রমূখ। অনুষ্ঠানের সঞ্চালনা ও সার্বিক ব্যবস্থাপনায় ছিলেন উপজেলা কৃষি অফিসার মনিরুজ্জামান।

জীবননগরে কৃষকদের মাঝে বিনামূল্যে কৃষি উপকরণ বিতরণ

জীবননগরে বিনামূল্যে কৃষকদের মাঝে সার, বীজ ও গাছের চারা বিতরণ করা হয়েছে। গতকাল রোববার সকাল ১১টার সময় জীবননগর উপজেলা কৃষি অফিসের আয়োজনে উপজেলা চত্বরে এ সব উপকরণ বিতরণ করা হয়।

জীবননগর উপজেলা নির্বাহী অফিসার মোঃ রোকনুজ্জামানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে জীবননগর উপজেলার ৩ হাজার কৃষকের মাঝে বিনামূল্যে ধানের বীজ, সার, গাছের চারা বিতরণ করেন চুয়াডাঙ্গা ২ আসনের সংসদ সদস্য হাজী আলী আজগর টগর।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন,জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী মোঃ হাফিজুর রহমান,উপজেলা আওয়ামীলীগের সভাপতি নজরুল ইসলাম,সাধারন সম্পাদক আবু মোঃ আব্দুল লতিফ অমল,জীবননগর পৌর সভার মেয়র মোঃ রফিকুল ইসলাম,উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আব্দুস সালাম ঈশা,মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী,জীবননগর পৌর সভার সাবেক মেয়র মোঃ জাহাঙ্গীর আলম,জীবননগর থানার অফিসার ইনচাজ (ওসি)মোঃ নাসির উদ্দিন মৃধা,মনোহরপুর ইউপি চেয়ারম্যান সোহরাব হোসেন খান,কে,ডি,কে